

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৮৪

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقَيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা

الفصل التَّنِف (باب صفة النار وَأَهْلهَا)

আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (وهم فِيهَا كَالِحُونَ) قَالَ: «تَشْوِيهِ النَّارُ فَتَقَلَّصُ شَفَتُهُ السُّفْلَى حَتَّى تضرب النَّارُ فَتَقَلَّصُ شَفَتُهُ السُّفْلَى حَتَّى تضرب سُرَّتَهُ» . رَوَاهُ التِّرْمِذِي

اسناده حسن ، رواه الترمذى (2587 وقال : حسن صحيح غريب) ـ (ضَعِيف)

বাংলা

৫৬৮৪-[২০] আবূ সাঈদ আল খুদরী (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: আল্লাহর বাণী(وهم فيها كَالِحُون) "আগুন তাদের মুখমণ্ডল দগ্ধ করবে"- (সূরাহ্ আল মুমিনূন ২৩ : ১০৪); এর অর্থ হলো,
জাহান্নামী লোকের অবস্থা এই হবে যে, আগুনের প্রচণ্ড তাপে তার মুখ ভাঁজা-পোড়া হয়ে উপরের ঠোট সঙ্কুচিত
হয়ে মাথার মধ্যস্থলে পৌছবে এবং নিচের ঠোট ঝুলে নাভির সাথে এসে লাগবে। (তিরমিযী)

ফুটনোট

যঈফ: তিরমিয়ী ৩১৭৬, মুসনাদে আহমাদ ১১৮৫৪, য'ঈফ হওয়ার কারণ সনদে আবূস সামহ (দাররাজ) আছে; হিদায়াতুর রুওয়াত ৫/২২৯, ৫৬১২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (کَالِحُونَ) বিভৎস চেহারাবিশিষ্ট, এমনকি আগুন তাদের চেহারাগুলো জ্বালিয়ে দিবে। কেউ বলেছেন,



তাদের দাঁতগুলো বেড়িয়ে যাবে আর এটাই রাসূল (সা.) -এর ব্যাখ্যার উপযোগী। (মিরক্বাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী হা, ২৫৮৭)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

 ${\color{red} {\it \$}}{\it \$} \ {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=85660}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন